গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-৬

**২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে আইন-শৃংখলা নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত ভার্চুয়াল (online) সভার কার্যবিবরণী ঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আসাদুজ্জামান খান, এমপি<br>মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| স্থান | ঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ঃ | ১১ মার্চ ২০২১, সকাল ১১.৩০ ঘটিকা |

উপস্থিত ও online এ সংযুক্ত ব্যক্তিবর্গ এবং কর্মকর্তাদের নাম ও পদবি ঃ পরিশিষ্ট-'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, ২০২১ সাল বাংলাদেশের আপামর জনসাধারণের জন্য এক পরম গৌরবের বছর। ২০২১ সাল মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী। ২০২০-২০২১ সাল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী এবং জন্মশত বার্ষিকীর কর্মসূচি ১৬ ই ডিসেম্বর ২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। সারা বছর জাতির পিতার জন্মশত বার্ষিকীর অনুষ্ঠানসমূহ পালিত হচ্ছে। এর সঙ্গে সঙ্গে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে যা একই সঙ্গে পাশাপাশি পালিত হবে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতার জন্মশত বার্ষিকীতে আমরা স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল রাষ্ট্রের দলভুক্ত হওয়ার স্বীকৃতি লাভ করেছি। যা আমাদের জন্য অনেক অনেক গর্বের ও সম্মানের। সকলের নিরলস পরিশ্রমের মাধ্যমে এ অর্জন সম্ভব হয়েছে। ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এসকল কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্যে অদ্যকার এ সভা আহবান করা হয়েছে। এরপর তিনি ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ঢাকা মহানগরীসহ সারা দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও বিশেষ বিশেষ স্থানে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল কর্মসূচি শান্তিপূর্ণ পরিবেশে উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের অনুরোধ জানান।

২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, মুজিবর্ষের অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। গত ৩১/০১/২০২১ তারিখ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার নিরাপত্তা সংক্রান্ত সিদ্ধান্তসমূহের সাথে সম্পর্কিত বিষয়ে অদ্য সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। অতিমারি কোভিড-১৯ এর কারণে স্বাস্থ্যবিধি অনুসরণ করে সীমিত আকারে অনুষ্ঠান আয়োজনসহ সকলকে নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ে সর্তকতা অবলম্বন করার জন্য তিনি অনুরোধ জানান।

৩। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) সভার কার্যপত্র ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। তিনি বলেন গণহত্যা দিবস পালন এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ৩১/০১/২০২১ তারিখ অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণায় সভায় ০৪টি উপ-কমিটি গঠন করেছে। ডিএমপি কমিশনারকে আহবায়ক করে নিরাপত্তা সংক্রান্ত উপ-কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিকে ট্রাফিক নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় বিষয়ে তত্ত্বাবধান ও সমন্বয়ের দায়িত্ব প্রদান করা হয়েছে।

৪। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ বলেন, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আমাদের জন্য দুর্লভ সম্মানের। জাতীয় স্মৃতিসৌধসহ দেশের গুরুত্বপূর্ণ স্থানসমূহের অনুষ্ঠান চলাকালীন সময়ে যে কোন দুর্ঘটনা এড়াতে ফায়ার সার্ভিসের গাড়ি এবং এম্বুলেন্স প্রস্তুত রাখা হবে। ইতোমধ্যে জেলখানায় খাবারের মান উন্নত করা হয়েছে এবং বিশেষ দিবসে খাবার খরচ বাবদ জনপ্রতি ৩২ টাকার স্থলে ০৫(পাঁচ) গুন বৃদ্ধি করে ১৫০ টাকা করা হয়েছে। ফলে এবছর জেলখানায় আরও ভালোমানের খাবার পরিবেশন করা সম্ভব হবে।

৫। পুলিশ মহাপরিদর্শক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, ১৭-২৬ মার্চ ২০২১ তারিখ ১০(দশ) দিন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী অনুষ্ঠান সুষ্ঠভাবে আয়োজন আমাদের জন্য বড় চ্যালেঞ্জ। ১৭-২৬ মার্চ ২০২১ জাতীয় প্যারেড স্কয়ারে আয়োজিত অনুষ্ঠান এবং ০৫ (পাঁচ) জন বিদেশী মেহমানদের আগমন

উপলক্ষে বড় ধরণের কোন ঝুঁকি নেই। তবে ভারতের মাননীয় প্রধানমন্ত্রী রাজধানীর বাহিরে সাতক্ষীরা জেলা ও গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া ও কাশিয়ানী উপজেলা সফর করবেন। এ লক্ষ্যে সকল স্থানে সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি আরও বলেন, মহান স্বাধীনতা দিবসের সকল অনুষ্ঠানে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করা হবে। গুটি কয়েক অখ্যাত ছাত্র সংগঠন ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরের বিরোধিতা করছে। এছাড়াও আনছারউল্লাহ বাংলা টীম, আল-কায়দা এবং জেএমবি একত্রিত হয়ে কাজ করছে। এ জন্য বিশেষ নজরদারী বৃদ্ধি করা হয়েছে।

৬। মহাপরিচালক, র‌্যাব বলেন, ১৭-২৬ মার্চ ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীর অনুষ্ঠানস্থল ও জাতীয় স্মৃতিসৌধ 'বোম্ব ডিসপোজল টীম' এবং 'ডগ স্কোয়াড' দ্বারা স্যুইপিং করা হবে। তাছাড়া গোয়েন্দা নজরদারী অব্যাহত রাখার পাশাপাশি হেলিকপ্টার প্রস্তুত থাকবে। সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখযোগ্য কোন হুমকি নেই।

৭। অতিরিক্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বলেন, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২১ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন অনেক গুরুত্বপূর্ণ। তিনি ২৫ মার্চ গণহত্যা দিবস পালন উপলক্ষে সারা দেশে প্রতীকী ব্ল্যাক-আউট যাতে যথাযথভাবে পালন করা হয় সে বিষয়ে সবাইকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি জরুরী স্থাপনা ও চলমান যানবাহন ব্যতীত আগামী ২৫ মার্চ ২০২১ তারিখ দিবাগত রাত ৯.০০ থেকে ৯.০১ মিনিট পর্যন্ত ০১ (এক) মিনিটের প্রতীকী ব্ল্যাক-আউট কর্মসূচী পালনের সময় ঢাকা মহানগরীসহ সারা দেশে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করাসহ সার্বিক অনুষ্ঠানমালার নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার অনুরোধ জানান।

৮। সভায় এসবি'র প্রতিনিধি বলেন, কিছু ছাত্র সংগঠন এবং বামপন্থি কিছু ছোট রাজনৈতিক দল অপতৎপরতায় লিপ্ত রয়েছে। এ বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাসহ সার্বিক গোয়েন্দা নজরদারী অব্যাহত থাকবে।

৯। সভায় মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স; ডিআইজি, ঢাকা রেঞ্জ; অতিরিক্ত বিভাগীয় কমিশনার, ঢাকা; প্রতিনিধি ডিএমপি এবং 'ভার্চুয়াল' ভাবে (online) সংযুক্ত গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, আনসার ও ভিডিপি, বিজিবি, কোস্ট গার্ড, এসএসএফ, গণপূর্ত অধিদপ্তর, সড়ক ও জনপথ বিভাগ, এনএসআই, জিডিএফআই, ঢাকা বিদ্যুৎ বিতরণ কোম্পানী লিঃ, ঢাকা ওয়াসা, বাংলাদেশ টেলিভিশন, গণযোগাযোগ অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, তথ্য অধিদপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধিগণ বক্তব্য রাখেন। ২৫ মার্চ গণহত্যা দিবস পালন ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২১ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর বিভিন্ন কর্মসূচি সুষ্ঠভাবে উদযাপনে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও সার্বিক নিরাপত্তা প্রদানের লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১০। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ

| ক্র: নং | আলোচ্যসূচি | সম্ভাব্য কার্যক্রম | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | স্বাস্থ্যবিধি অনুসরণ | কোভিড-১৯ মহামারীর কারণে সরকার কর্তৃক গৃহীত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক সকল অনুষ্ঠান আয়োজন এবং অনুষ্ঠানস্থলের প্রবেশ পথে প্রয়োজনীয় পরিমান হ্যান্ড স্যানিটাইজার ও ফেস মাস্ক রাখার ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২. | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে প্রতীকী ব্ল্যাক-আউট এর বিষয়ে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ | ২৫ মার্চ গণহত্যা দিবস পালন উপলক্ষে জরুরী ও গুরুত্বপূর্ণ স্থাপনা, কেপিআই এবং চলমান যানবাহন ব্যতীত ২৫ মার্চ ২০২১ তারিখ দিবাগত রাত ৯.০০ থেকে ৯.০১ মিনিট পর্যন্ত ১ মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট কর্মসূচী পালনের সময় ঢাকা মহানগরীসহ সারা দেশে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ কারা অধিদপ্তর/ জেলা প্রশাসক (সকল)/পুলিশ সুপার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ২৬ মার্চ প্রত্যুষে পঞ্চাশবার তোপধ্বনি | (ক) ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২১ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনে ঢাকায় প্রত্যুষে পঞ্চাশবার তোপধ্বনি; এবং<br>(খ) জেলা ও উপজেলায় প্রত্যুষে পঞ্চাশবার তোপধ্বনি অনুষ্ঠানে সার্বিক নিরাপত্তার ব্যবস্থা জোরদার করতে হবে। সারা দেশে পঞ্চাশবার তোপধ্বনি যাতে একই সাথে হয়, সে বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় সময় উল্লেখ করে নির্দেশনা প্রদান করবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/সশস্ত্র বাহিনী বিভাগ/জেলা প্রশাসক/ পুলিশ সুপার/ উপজেলা নির্বাহী অফিসার/ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) |
| ৪. | সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে যথাযথ ভাবে জাতীয় পতাকা উত্তোলন নিশ্চিতকরণ | ২৬ মার্চ ২০২১ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন এবং উত্তোলনের ক্ষেত্রে জাতীয় পতাকা বিধিমালা, ১৯৭২ অনুযায়ী পতাকার সঠিক মাপ ও রঙের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। এই বিষয়ে তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে । | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/পুলিশ অধিদপ্তর/বিভাগীয় কমিশনার (সকল)/ পুলিশ কমিশনার (সকল) |
| ৫. | সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণকালীন নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ | (ক) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদের সদস্যবৃন্দ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সড়কপথে সাভার জাতীয় স্মৃতিসৌধে গমন, পুষ্পস্তবক অর্পণ ও প্রত্যাবর্তনকালীন সর্বোচ্চ সতর্কতা ও নিশ্ছিদ্র নিরাপত্তামূলক ব্যবস্থা করতে হবে।<br>(খ) মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পর বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ কর্তৃক পুষ্পস্তবক অর্পণের সময় শৃঙ্খলা বজায় রাখা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে।<br>(গ) সাভার জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণকালীন শৃঙ্খলা বজায় রাখাসহ নিরাপত্তা নিশ্চিত করতে হবে।<br>(ঘ) বিদেশী কূটনৈতিকদের গুলশানের নির্দিষ্ট স্থান থেকে সাভার জাতীয় স্মৃতিসৌধে আনা নেয়ার সময় প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা করতে হবে।<br>(ঙ) নিরাপত্তার স্বার্থে ঢাকা নবীনগর সড়কের বিভিন্ন ব্রীজের নিচে এবং আশেপাশের নদীতে নৌ-পুলিশ মোতায়েন করতে হবে।<br>(চ) সর্ব সাধারণের পুষ্পস্তবক অর্পণকালে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/ পুলিশ অধিদপ্তর/ ৯ পদাতিক ডিভিশন/ ডিএমপি/ ডিজিএফআই/ এনএসআই/এসবি/ এসএসএফ/র‍্যাব/ ডিআইজি, ঢাকা রেঞ্জ/জেলা প্রশাসক, ঢাকা/পুলিশ সুপার, ঢাকা |
| ৬. | বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অনুষ্ঠানে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে আনুষ্ঠানিকভাবে পুষ্পস্তবক অর্পণ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সীমিত আকারে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সমাবেশ ও কুচকাওয়াজ অনুষ্ঠিত হলে উহাতে এবং সাংস্কৃতিক অনুষ্ঠানসহ সকল অনুষ্ঠানে আইন-শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ বিভাগীয় কমিশনার (সকল)/মেট্রোপলিটান পুলিশ কমিশনার (সকল) |
| ৭. | ট্রাফিক নিয়ন্ত্রণ | (ক) মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় স্মৃতিসৌধে গমনাগমনের সময়সূচী চূড়ান্ত হলে বঙ্গভবন এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাসভবন থেকে সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত ট্রাফিক নিয়ন্ত্রণ রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) সাভার জাতীয় স্মৃতিসৌধ এবং আশেপাশের এলাকায় ২৫ মার্চ ২০২১ থেকে ২৬ মার্চ ২০২১ দিবাগত রাত পর্যন্ত ট্রাফিক নিয়ন্ত্রণ রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ ডিএমপি/ডিআইজি হাইওয়ে, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| ৮. | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ | (ক) সারাদেশে ২৫ ও ২৬ মার্চ ২০২১ তারিখে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান ও সভা-সমাবেশসহ সকল কর্মসূচীতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুষ্ঠান স্থলের তালিকা পূর্বেই স্থানীয় বিদ্যুৎ অফিসকে সরবরাহ করতে হবে।<br>(খ) বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের কাজের সুবিধার্থে নিরাপত্তা পাশ ইস্যু করতে হবে। | বিদ্যুৎ বিভাগ/ ডিপিডিসি লিঃ/ ডিএমপি/ জাতীয় ক্রীড়া পরিষদ/ বিভাগীয় কমিশনার (সকল) |
| ৯. | রাস্তা/ড্রেন মেরামত, সংস্কারকরণ, স্পীড ব্রেকার চিহ্নিতকরণ ও তোরণ নির্মাণ | (ক) ঢাকা হতে সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত এবং স্মৃতিসৌধের আশেপাশের ড্রেন ও ফুটপাতসমূহ আগামী ২৩ মার্চ ২০২১ তারিখের মধ্যে প্রয়োজনীয় মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন করতে হবে। উক্ত রাস্তাসমূহে প্রয়োজনীয় নির্দেশনা চিহ্ন স্থাপন এবং স্পীড ব্রেকারসমূহে ফ্লোরোসেন্ট রং এর মাধ্যমে মার্কিং করতে হবে।<br>(খ) ঢাকা হতে সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত রাস্তায় তোরণ নির্মাণ সীমিত রাখতে হবে। রাস্তার উপর ওভারহেড তোরণ নির্মাণ না করার নির্দেশনা প্রদান করতে হবে।<br>(গ) ঢাকা থেকে জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত নিরাপত্তার স্বার্থে রাস্তার দুই পাশের গর্ত ভরাট করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত বিভাগ/ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ১০. | পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্মৃতিসৌধ সজ্জিতকরণ | (ক) সাভার জাতীয় স্মৃতিসৌধ ও এর আশেপাশের এলাকার রাস্তা-ঘাট পরিষ্কার-পরিচ্ছন্ন ও সজ্জিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।<br>(খ) ঢাকা মহানগরীর ভিআইপি সড়কসহ যেসব এলাকায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের কর্মসূচি রয়েছে, সেসব এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(গ) ২৫ শে মার্চ দিবাগত রাত হতে ২৬ মার্চ সন্ধ্যা পর্যন্ত ঢাকা থেকে সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত মহাসড়ক ও সংলগ্ন এলাকায় সিটি কর্পোরেশনের বর্জ্য বহনকারী গাড়ী/ট্রাকের চলাচল বন্ধ/সীমিত রাখতে হবে। | সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত অধিদপ্তর/ ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ১১. | মেডিকেল টিম নিয়োজিতকরণ | দেশব্যাপী আয়োজিত সকল অনুষ্ঠানে জরুরী চিকিৎসা সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিম প্রস্তুত রাখাসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সাথে সমন্বয় করে প্রয়োজনীয় সংখ্যক এম্বুলেন্স প্রস্তুত ও নিয়োজিত রাখতে হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তর /সিভিল সার্জন, ঢাকা/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ১২. | অগ্নিনির্বাপনী গাড়ী মোতায়েন | সাভার জাতীয় স্মৃতিসৌধ সংলগ্ন এলাকায় ও বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রয়োজনীয় জনবলসহ অগ্নিনির্বাপনী গাড়ী, এম্বুলেন্স ও মোটর সাইকেল মোতায়েন করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ ডিএমপি |
| ১৩. | খাবার পানির ব্যবস্থা গ্রহণ, ধুলোবালি নিয়ন্ত্রণ ও ভ্রাম্যমান টয়লেট স্থাপন | (ক) সাভার জাতীয় স্মৃতিসৌধ এবং বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম এলাকায় ২৬ মার্চ ২০২১ তারিখে প্রয়োজনীয় বিশুদ্ধ খাবার পানি সরবরাহের ব্যবস্থা করতে হবে।<br>(খ) ধুলাবালি নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট রাস্তায় পানি ছিটানো, মাঠ ভিজানোসহ ভ্রাম্যমান টয়লেট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঢাকা ওয়াসা/ ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ সাভার পৌরসভা |
| ১৪. | মাইক্রোফোন ও বাদ্যযন্ত্রের ব্যবহার নিয়ন্ত্রণ | ভিভিআইপি/ভিআইপিগণের ঢাকা জাতীয় স্মৃতিসৌধে যাতায়াত/ অবস্থানের সময় সাভার জাতীয় স্মৃতিসৌধসহ ঢাকা-নবীনগর রোডে এবং নিকটবর্তী এলাকায় মাইক/মাইক্রোফোন এবং উচ্চস্বরে বাদ্যযন্ত্রের ব্যবহার নিরুৎসাহিত করতে হবে। | ডিএমপি/ডিআইজি, ঢাকা রেঞ্জ/পুলিশ সুপার, ঢাকা/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/তথ্য অধিদপ্তর |
| ১৫. | জাদুঘর খোলা রাখা | সামরিক জাদুঘর, পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর এবং বিজিবি জাদুঘরসহ অন্যান্য জাদুঘর ২৬ মার্চ খোলা রাখতে হবে। | সশস্ত্র বাহিনী বিভাগ পুলিশ অধিদপ্তর/ বিজিবি |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | উন্নত মানের খাবার পরিবেশ | দেশের সকল হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, বৃদ্ধাশ্রম, ভবঘুরে কেন্দ্র, এতিমখানা ও শিশু দিবা যত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ /স্বাস্থ্য বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ/ সমাজ কল্যাণ মন্ত্রণালয় |
| ১৭. | জেলা ও উপজেলা সদরে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান | মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জেলা ও উপজেলা সদরে আয়োজিত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল)/পুলিশ সুপার (সকল) |
| ১৮. | বিশেষ প্রার্থনা | ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণ এবং জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ের সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/জেলা প্রশাসক (সকল)/ ইসলামিক ফাউন্ডেশন/বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাষ্ট/হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাষ্ট/খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাষ্ট/ |
| ১৯. | সিনেমা হলে প্রদর্শনী | ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সিনেমা হলসমূহে বিনা টিকেটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে, উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে। এ সকল স্থানে নিরাপত্তা নিশ্চিত করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রতিরক্ষা মন্ত্রণালয়/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ/সশস্ত্র বাহিনী বিভাগ/ গণযোগাযোগ অধিদপ্তর/জেলা প্রশাসক (সকল)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২০. | বিবিধ | (ক) ঢাকাস্থ কূটনৈতিক এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে।<br>(খ) কেপিআইসমূহে কঠোর নজরদারি অব্যাহত রাখা ও নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) জাতীয় স্মৃতিসৌধে বিদেশী মেহমানদের গমনাগমনের পরে সর্বসাধারণের জন্য পুষ্পস্তবক অপর্ণের সময় নির্ধারণ করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ব্যাপক প্রচারের ব্যবস্থা করবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/পুলিশ অধিদপ্তর |

১১। আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২১ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং-২১/০৩/২০২১ ইং
**(আসাদুজ্জামান খান এমপি)**
মন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.২২.০০১.২০১৮-১০১ তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২৭ / ২১ মার্চ ২০২১

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব/সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ/গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/শিক্ষা মন্ত্রণালয়/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/সমাজ কল্যান মন্ত্রণালয়, ঢাকা।

২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।

৩। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।

৪। রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।

৫। প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

৬। জিওসি, ৯ পদাতিকডিভিশন, সাভার সেনানিবাস, ঢাকা।

৭। মহাপরিচালক, আনসার ও ভিডিপি/বিজিবি/বাংলাদেশ কোস্ট গার্ড/র‍্যাব/এসএসএফ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স/এনএসআই/ডিজিএফআই, ঢাকা।

৮। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, ঢাকা।

৯। বিভাগীয় কমিশনার, ---------------------(সকল)।

১০। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

১১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

১২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সড়ক ভবন, ঢাকা।

১৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিদ্যুৎ বিতরণ কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, ১-আব্দুল গণি রোড, ঢাকা।

১৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।

১৬। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/গণযোগাযোগ অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

১৭। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।

১৯। উপ পুলিশ মহাপরিদ র্শক, ঢাকা রেঞ্জ/হাইওয়ে রেঞ্জ, ঢাকা।

২০। মহাপরিচালক/পরিচালক, জাতীয় যাদুঘর/বাংলা একাডেমি/শিল্পকলা একাডেমি, ঢাকা।

২১। নির্বাহী পরিচালক, নজরুল ইনষ্টিটিউট, ঢাকা।

২২। পরিচালক, শিশু একাডেমী, ঢাকা।

২৩। জেলা প্রশাসক, ---------------------(সকল)।

২৪। পুলিশ সুপার, ------------------------(সকল)।

২৫। সিভিল সার্জন, ঢাকা।

২৬। উপজেলা নির্বাহী অফিসার ---------------------------------(সকল)।

২৭। অফিসার ইনচার্জ -----------------------------(সকল)

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, ঢাকা।

৪। যুগ্মসচিব (রাজনৈতিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, ঢাকা।

২১.০৩.২১

(শাহে এলিদ মাইনুল আমিন)
উপসচিব
ফোনঃ ০২-৯৫৭৬৩৩৮
Email: political6.mha@gmail.com